দৈনিক জনকণ্ঠ

তারিখ ...2·8 NOV 1998 ... ...
পৃষ্ঠা ১২ কলাম ৮ ......

## তেজগাঁও কলেজকে বাঁচান

তেজগাঁও কলেজ একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান, যাকে ঢাকা কলেজ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, সিটি কলেজের পরই গণনা করা হয়। এখানে একটি অশুভচক্রের কর্মতৎপরতা দিন দিন বেড়ে চলেছে। এই অশুভচক্রের কর্মতৎপরতা শুরু হয় গত জুলাই মাস থেকে কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষকে অপসারণের মাধ্যমে। তারপরই কলেজ ফান্ডে জমাকৃত ২২ কোটি টাকার মধ্যে ৭ কোটি টাকার কোন রকম হিসাব কলেজের গভর্নিং বডির কাছে নেই। কলেজের ফান্ডের টাকা আত্মসাতের কারণে কলেজের শিক্ষকদের বেতন নিয়মিত পরিশোধ করা নিয়ে দেখা দিয়েছে সমস্যা। তাই কলেজ থেকে অপসারিত করা হয়েছে বেশ কিছু অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকাকে, যার জন্য কলেজের শিক্ষার মান নিয়ে দেখা দিয়েছে প্রশ্ন এবং অপসারিত শিক্ষক-শিক্ষিকাদের জীবিকা নির্বাহ করতে হচ্ছে অত্যন্ত কষ্টে এবং ভবিষ্যতে আরও বেশ কিছু শিক্ষক-শিক্ষিকাকে অপসারিত করা হবে। কলেজে শিক্ষক অপ্রতুলতার কারণে কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীর সংখ্যা দুই-তৃতীয়াংশ কমিয়ে দিয়েছে। যার জন্য প্রচুর পরিমাণ শিক্ষার্থী একটি ভাল কলেজে পড়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এ অবস্থায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন, ঐতিহ্যবাহী কলেজটিকে ধ্বংসের হাত থেকে বাঁচান।

আবদুল জলিল,
মনিপুরীপাড়া
তেজগাঁও, ঢাকা।